# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-01-2025                    Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১/ RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষী সাব্যস্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের সাজা ঘোষণা হবে আজ।

২/ বেশ কিছু সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের হাতে তুলে দেওয়া ছাড়াও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করতে মুখ্যমন্ত্রী আজ তিন দিনের জেলা সফরে যাচ্ছেন।

৩/ উত্তর দিনাজপুরের গোয়ালপোখরের পর দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গড়ে আবারো পুলিশের ওপর হামলায় এক কনস্টেবল সহ পাঁচ জন আহত। # আটক দুজন।

৪/ কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক ১৬-তম আদিবাসী যুব কর্মসূচির আয়োজন করেছে। # আজ থেকে ২৬ শে জানুয়ারি পর্যন্ত উত্তর ২৪ পরগনার বারাসতে এই কর্মসূচি পালিত হবে।

৫/ কলকাতায় আজ থেকে শুরু হচ্ছে ২৭-তম ‘ইন্টারন্যাশনাল কংগ্রেস অন গ্লাস’।

৬/ গোয়ার ফতোরদা স্টেডিয়ামে গতসন্ধ্যায় ISL ফুটবলে ইস্টবেঙ্গল এফসি গোয়ার কাছে ০-১ গোলে পরাজিত হয়েছে।

*****************************************************************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষী সাব্যস্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের সাজা ঘোষণা হবে আজ। আগেই জানানো হয়েছে, গত শনিবার শিয়ালদা আদালতে সে দোষী সাব্যস্ত হয়। সঞ্জয় অবশ্য তাকে ফাঁসানো হয়েছে বলে আদালতে আবারও দাবি করে।

এদিকে, RG KAR কান্ডে ন্যায্য বিচারের দাবিতে বিক্ষোভ অব্যাহত। বিজেপি, আজ শিয়ালদা আদালত চত্বরে বিক্ষোভ কর্মসূচী পালন করবে বলে জানা গেছে। অন্যদিকে, তরুণী পিজিটি চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় সঞ্জয় রায় ছাড়া আরও যারা জড়িত, তাদের সকলকে বিচারের আওতায় আনার দাবিতে সমাজের বিভিন্ন মহল সোচ্চার হয়েছে।

CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, RG KAR-এর PGT তরুণীর মৃত্যুর ঘটনার প্রকৃত বিচারের জন্য লড়াই জারি থাকবে। দুর্নীতি, দুষ্কৃতী চক্র এবং যে বৃহত্তর চক্রান্ত করা হয়েছে, তাদের মাথাদের তদন্তের আওতায় এনে দ্রুত বিচার প্রক্রিয়া শুরু করতে হবে।

উল্লেখ্য, গত বছর ৮ ও ৯-ই আগস্ট মধ্যরাতে RG KAR হাসপাতালে ওই চিকিৎসককে ধর্ষণ ও হত্যা করা হয়। ৯-ই আগস্ট সকালে সেমিনার হল থেকেই উদ্ধার হয় ওই চিকিৎসকের দেহ। তদন্তে নেমে পরদিনই কলকাতা, পুলিশ সঞ্জয় রায় নামে ঐ সিভিক ভলান্টিয়ারকে গ্রেপ্তার করে।

*************************

মেদিনীপুর মেডিকেলে স্যালাইন কাণ্ড ও জুনিয়র ডাক্তারদের সাসপেনশনের প্রতিবাদে বিজেপি আজ স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দিয়েছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বিক্ষোভে নেতৃত্ব দেবেন। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন, রাজ্য সরকার সংশ্লিষ্ট ওষুধ সংস্থার থেকে অর্থ নিয়ে ভেজাল স্যালাইন কিনবে আর তাতে মানুষের মৃত্যু হলে তার দায় জুনিয়র ডাক্তারদের উপর চাপাবে, এর প্রতিবাদেই বিজেপির এই কর্মসূচি।

( বাইট- সুকান্ত )

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কান্ড এবং প্রসূতি মৃত্যুর ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়ে তিনি বলেন, সিবিআই নয় কলকাতা হাইকোর্টের

কোনো বিচারপতিকে দিয়ে কমিটি গঠন করে এর তদন্ত করা হোক। আসানসোলে দলীয় বিধায়ক অগ্নিমিত্র পালের আহ্বানে গতকাল তিনি আসানসোলে দামোদর নদের ধারে বনভোজনের উপস্থিত হন।

************************

উত্তর দিনাজপুরের গোয়ালপোখরের পর দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গড়ে জুয়ার আসরে আবারো পুলিশের ওপর হামলায় এক কনস্টেবল সহ পাঁচ জন আহত।

পুলিশ সূত্রে জানা গেছে, ওই আসর থেকে গতরাতে পুলিশ চারজনকে আটক করে থানায় নিয়ে আসার সময় গ্রামের প্রায় ৪০/৫০ জন, পুলিশকে মারধোর শুরু করে। আটক করা চারজনকে ছিনিয়ে নিয়ে পালায় তারা। বাঁশের আঘাতে এক কনস্টেবল সহ পাঁচ জন আহত হন। গুরুতর আহত ওই কনস্টেবলকে নলমুড়ি হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। ঘটনার পর বিশাল পুলিশ বাহিনী সেখানে যায়। এপর্যন্ত দুজনকে আটক করা হয়েছে।

************************

বাংলাদেশি অনুপ্রবেশকারীর হাতে বলিউড অভিনেতা সইফ আলি খানের আক্রান্ত হওয়ার ঘটনা প্রমাণ করছে, পশ্চিমবঙ্গই দেশের জঙ্গিদের সাপ্লাই লাইন, এই রাজ্যকে ব্যবহার করেই সারা দেশে জঙ্গিরা ছড়িয়ে পড়ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

বারাসাতে গতসন্ধ্যায় দলীয় অনুষ্ঠানে অংশ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, সীমান্তবর্তী ৬০০ কিলোমিটার এলাকা কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য জমি না দিয়ে, রাজ্যের মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গ দিয়ে জঙ্গিদের দেশের অন্যত্র যাওয়ার সুযোগ করে দিচ্ছেন, এতে গোটা দেশের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

( বাইট- শুভেন্দু )

************************

বাংলাদেশ থেকে এরাজ্যে দুষ্কৃতী অনুপ্রবেশ করছে ও বারবার এ রাজ্যকে ব্যবহার করছে বলে বিজেপির অভিযোগের পাল্টা তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেন, বাংলাদেশ সীমান্ত পাহারা দেওয়ার দায়িত্ব কোন রাজ্য পুলিশের বা জেলা

পুলিশের নয়। সীমান্ত পাহারা দেওয়ার দায়িত্ব ভারতের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বিএসএফের, যা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী দেখেন।

( বাইট- কুণাল ঘোষ)

************************

একের পর এক জাল নথি উদ্ধারের পর গতকাল আরো একটি বড় সাফল্য পেল বারাসাত থানার পুলিশ। বারাসাতের কলিপুকুর থেকে গ্রেফতার করা হয় ইন্দ্রজিৎ দে নামে এক বিজেপি সমর্থককে। গত পুরসভা নির্বাচনে ২৭ নম্বর ওয়ার্ড থেকে তিনি বিজেপির প্রার্থী হিসেবে লড়াই করেছিলেন। লক্ষ লক্ষ টাকার বিনিময়ে তিনি জাল পাসপোর্ট তৈরি করতেন বলে অভিযোগ। গোপন সূত্রে খবর পেয়ে বারাসাত থানার পুলিশ, গতকাল অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। বারাসাত আদালতে তাকে পেশ করা হলে বিচারক তিন দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেয়।

************************

বেশ কিছু সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের হাতে তুলে দেওয়া ছাড়াও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ তিন দিনের সফরে তিন জেলায় যাচ্ছেন।

আজ তিনি কলকাতা থেকে রওনা হয়ে প্রথমে মুর্শিদাবাদ জেলার হাজারদুয়ারিতে একটি সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে উপভোক্তাদের সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা তুলে দেওয়া ছাড়াও বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। সন্ধ্যায় তাঁর মালদহে পৌঁছানোর কথা।

আগামীকাল মালদায় প্রশাসনিক বৈঠকে অংশ নেওয়া ছাড়াও বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিল্যান্যাস করবেন মুখ্যমন্ত্রী। ঐদিন তিনি সম্প্রতি খুন হয়ে যাওয়া তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকারের বাড়িতেও যেতে পারেন।

বুধবার তাঁর আলিপুরদুয়ারের মাদারিহাটে একইধরনের একটি অনুষ্ঠানে অংশ নেওয়ার কথা। তাঁর জেলা সফরকে কেন্দ্র করে সব জায়গাতেই নিরাপত্তা বৃদ্ধি করা হয়েছে। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী কলকাতায় ফিরবেন।

আগেই জানানো হয়েছে, মালদা জেলায় তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকার খুনের ঘটনায় আরও একজনকে গ্রেফতার করা হয়েছে। ঐ ঘটনায় জড়িত সন্দেহে

মালদা জেলা পুলিশ, বিহারের পূর্ণিয়া থেকে মোহাম্মদ আসরার নামে বছর ২২ এর ওই যুবককে গ্রেপ্তার করে।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভবিষ্যতের চ্যালেঞ্জের মোকাবিলায় দেশের বিজ্ঞানী এবং উদ্ভাবকরা মহাকাশ প্রযুক্তির ক্ষেত্রে নতুন দিগন্ত সৃষ্টি করেছে। আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১১৮-তম পর্বে শ্রী মোদী, নেতাজী সুভাষচন্দ্র বসুর অবদানের কথা স্মরণ করেন। তিনি বলেন, নেতাজীর জন্মদিন ২৩ শে জানুয়ারি, গোটা দেশে পরাক্রম দিবস হিসাবে পালিত হয়।

(বাইট – PM নেতাজী)

************************

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক ১৬তম আদিবাসী যুব কর্মসূচির আয়োজন করেছে। মন্ত্রকের অধীন নেহরু যুবকেন্দ্র সংগঠন এবং নেহরু যুবকেন্দ্র কলকাতা উত্তর শাখার উদ্যোগে আজ থেকে ২৬শে জানুয়ারি পর্যন্ত উত্তর ২৪ পরগনার বারাসতে এই কর্মসূচি পালিত হবে।

নেহেরু যুব কেন্দ্র সংগঠনের উপ অধিকর্তা দেব কুমার চ্যাটার্জি জানিয়েছেন, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্রের একাধিক জেলা থেকে প্রায় ২০০জন আদিবাসী যুবক, যুবতী এই কর্মসূচিতে অংশ নেবে। অনুষ্ঠানে জাতীয় সংহতি, দেশপ্রেম ও দেশগঠন, সাম্প্রদায়িক সম্প্রীতি, দেশের নাগরিকদের গণতান্ত্রিক অধিকার, মহিলাদের ক্ষমতায়ন-সহ একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মত বিনিময় হবে। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা পশ্চিমবঙ্গের রাজ্যপাল এবং সিআরপিএফ আধিকারিকদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেবেন। পাশাপাশি, রাজ্যের ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে পরিচিত হওয়ার সুযোগও পাবেন তারা।

************************

কলকাতায় আজ শুরু হচ্ছে ২৭-তম আন্তর্জাতিক কাঁচ বিষয়ক সম্মেলন। সিজিসিআরআই-এর উদ্যোগে বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে এই আন্তর্জাতিক সম্মেলন চলবে ২৪ তারিখ পর্যন্ত। ৩৯ বছর পর কলকাতায় এই সম্মেলন হচ্ছে।

কাঁচ উৎপাদনের অত্যাধুনিক প্রযুক্তি নিয়ে দেশ ও বিদেশের প্রায় সাড়ে ৫-শো জন প্রতিনিধি আলোচনা করবেন। সম্মেলনের উদ্বোধন করবেন কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি ও ভূবিজ্ঞান প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং।

************************

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে গত সন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল এফসি গোয়ার কাছে ০-১ গোলে পরাজিত হয়েছে। ম্যাচের ১৩ মিনিটে গোয়ার হয়ে জয়সূচক গোলটি করেছেন ব্রিসন ফার্নানডেজ। এই ম্যাচে জয়ের ফলে গোয়া ১৬ ম্যাচে ৩০ পয়েন্ট নিয়ে লিগতালিকায় দ্বিতীয় স্থানে উঠে এসেছে। সমসংখ্যক ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল একাদশ স্থানে রইলো।

************************

হিন্দু সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের জামিনের শুনানি আজ বাংলাদেশ হাইকোর্টে হওয়ার সম্ভাবনা রয়েছে। গত দোসরা জানুয়ারি চট্টগ্রামের আদালত চিন্ময়কৃষ্ণ দাসের জামিনের আবেদন খারিজ করে দেয়। স্থানীয় একটি সংবাদ পোর্টালের খবর অনুযায়ী চিন্ময় কৃষ্ণ দাসের আইনজীবী নির্দিষ্ট আইনের ধারায় রবিবার হাইকোর্টে তাঁর জামিনের আবেদন পেশ করেন।

উল্লেখ করা যেতে পারে, সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র এবং ইস্কনের প্রাক্তন সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে দেশদ্রোহিতার অভিযোগে ২৫শে নভেম্বর ঢাকা বিমান বন্দর থেকে গ্রেপ্তার করা হয় এবং ২৬ শে নভেম্বর থেকে তিনি জেলবন্দি।

************************************************************